১৭/৫/2000

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম .. ৬....

দৈনিক সংবাদ

# কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের চাকরি জাতীয়করণের দাবি

নিজস্ব বার্তা পরিবেশক ঃ সারাদেশে চার হাজার কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ১৬ হাজার শিক্ষক/শিক্ষিকা মাসে মাত্র ৫শ টাকা সম্মানী ভাতা পান। অথচ তারা অন্য শিক্ষক/শিক্ষিকার মতো পুরো কার্যদিবস ডিউটি করেন। গতকাল বুধবার বাংলাদেশ স্বল্পব্যয়ী কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতি কেন্দ্রীয় শহীদ মিনারে আয়োজিত এক সমাবেশে বক্তারা একথা বলেন। সমাবেশে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি মো. হাবিবুল আহসান বাবলু। সমাবেশে সকল শিক্ষক/শিক্ষিকা চাকরি জাতীয়করণের এক দফা দাবি সংবলিত স্মারকলিপি প্রধানমন্ত্রীর দপ্তরে পেশ করেন। সমাবেশে বক্তৃতা করেন সমিতির মহাসচিব হাফিজুর রহমান, যুগ্ম মহাসচিব আজিজুর রহমান, চট্টগ্রাম বিভাগের সাধারণ সম্পাদক নাছিরউদ্দিন বাহার, সিরাজগঞ্জ জেলা সভাপতি মো. নজরুল ইসলাম, নেত্রকোনা জেলা সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন, নেত্রকোনা জেলা সভাপতি মোসলেমউদ্দিন ফকির, ফেনী জেলা সভাপতি নিজামউদ্দিন পাটোয়ারী, কুড়িগ্রাম জেলা সভাপতি মো. আবদুর রহিম, কুমিল্লা জেলার যুগ্ম সম্পাদক নজরুল ইসলাম, যশোর জেলা সভাপতি রফিকুল ইসলাম, কুমিল্লা জেলা সভাপতি ইমদাদুল হক, রমজান আলী ও ইয়াকুব আলী।

সভাপতির বক্তৃতায় হাবিবুল আহসান বাবলু বলেন, পৃথিবীর সমস্ত চাকরিজীবীর মধ্যে আমরা সব থেকে কম বেতন পেয়ে থাকি। আমাদের মাসে মাত্র ৫শ টাকা সম্মানী ভাতা দেয়া হয়। তিনি আরো বলেন, সংসদে আলোচনায় বলা হয়েছে কমিউনিটি শিক্ষকরা ১ হাজার ৩শ টাকা বেতন পান, যা সম্পূর্ণ ভিত্তিহীন। তিনি কমিউনিটি শিক্ষকদের চাকরি জাতীয়করণ করার দাবি জানান।

বাংলাদেশ স্বল্পব্যয়ী কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ জানান, আগামী ২৪শে মে শিক্ষামন্ত্রীর সঙ্গে এক বৈঠক হবে। তারপর ৩০শে মে পর্যন্ত অপেক্ষা। এর মধ্যে যদি তাদের যথাযথ দাবি না মানা হয় তবে ৩০শে মে থেকে সকল কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখা হবে।